

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
বিভাগীয় জাদুঘর
মজিদ সরণী, খুলনা।

মাতৃভাষায় কথা বলার অনুভূতি প্রকাশ করে 'মায়ের কাছে চিঠি' লেখার প্রতিযোগিতা'


প্রিয় মহোদয়,

২১ শে ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে খুলনা বিভাগীয় জাদুঘর আয়োজন করতে যাচ্ছে “মায়ের কাছে চিঠি লেখার প্রতিযোগিতা”। প্রযুক্তির অবিরাম উৎকর্ষে প্রায় হারিয়ে যাচ্ছে আমাদের চিঠি লেখার সংস্কৃতি। প্রাচীন বর্ণমালার উদ্ভব, লিখন পদ্ধতি ও কাগজের আবিষ্কারের পর থেকেই চিঠি হয়ে ওঠে যোগাযোগের শক্তিশালী মাধ্যম। আধুনিক প্রযুক্তির (ই-মেইল, হোয়াটস অ্যাপ, মেসেঞ্জার) আবির্ভাবের ফলে প্রায় হারাতে বসেছে আমাদের সেই চিঠি লেখার অভ্যাস। চিঠি, ডাক পিওন, ডাকবাক্স স্থান পেয়েছে আজ জাদুঘরে।

মহান ভাষা শহীদের প্রতি অতল শ্রদ্ধা ও মাতৃভাষার প্রতিগভীর ভালোবাসা প্রকাশ করতে খুলনা বিভাগীয় জাদুঘরের উদ্যোগে এই আয়োজন। চিঠি লিখন প্রতিযোগিতার মাধ্যমে শিক্ষার্থীদের বাক্য গঠন, ভাষাজ্ঞান, শব্দ চয়ন, আবেগ অনুভূতি, চিন্তাশক্তি ও সৃজনীক্ষমতার বহিঃপ্রকাশ ঘটে।

এ বিষয়ে আপনার প্রতিষ্ঠান থেকে আগ্রহী শিক্ষার্থীদের ২০/০২/২০২৪ তারিখের মধ্যে ০১৮৪৬২৭৯৩৬৯ নম্বরে নাম অন্তর্ভুক্তিসহ অংশগ্রহণ নিশ্চিত করার জন্য আপনাকে সবিনয় অনুরোধ জানাচ্ছি।

অংশগ্রহণের নিয়ম : প্রতিযোগিতার স্থান: খুলনা বিভাগীয় জাদুঘর, সময়: আগামী ২১/০২/২০২৪ খ্রি : তারিখ সকাল ১১ টা, অংশগ্রহণকারী শিক্ষার্থী : ৫ম থেকে ১০ম শ্রেণি পর্যন্ত। (চিঠি লেখার কাগজ খুলনা বিভাগীয় জাদুঘর কর্তৃপক্ষ সরবরাহ করবে)


১৫.০২.২৪
কানিজ ফাতেমা
সহকারী মডেলার
প্রত্নতত্ত্ব অধিদপ্তর, প্রধান কার্যালয়
(খুলনা বিভাগীয় জাদুঘর, খুলনা সংস্কৃতি)